

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৪০

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ২২. দ্বিতীয় অনুচ্ছেদ - ভালো কাজের আদেশ

আরবী

عَنْ حُذَيْفَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَتَأْمُرُنَّ بِالْمَعْرُوفِ وَلَتَنْهَوْنَّ عَنِ الْمُنْكَرِ أَوْ لَيُوشِكَنَّ اللَّهُ أَنْ يَبْعَثَ عَلَيْكُمْ عَذَابًا مِنْ عِنْدِهِ ثُمَّ لَتَدْعُنَّهُ وَلَا يُسْتَجَابِ لكم» . رَوَاهُ التِّرْمِذِي

বাংলা

৫১৪০-[8] হুযায়ফাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ঐ পবিত্র সন্তার শপথ! যার হাতে আমার প্রাণ, নিম্নোক্ত দু'টো বিষয়ের মধ্যে একটি অবশ্যই হবে। হয় অবশ্যই তুমি সৎকাজের আদেশ দান করবে এবং মন্দকাজ হতে নিষেধ করবে; নতুবা অনতিবিলম্বে আল্লাহ তা'আলা তোমাদের ওপর 'আযাব নাযিল করবেন। অতঃপর তোমরা তাঁর কাছে প্রার্থনা করবে; কিন্তু তোমাদের প্রার্থনা গ্রহণ করা হবে না। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] হাসান : তিরমিয়ী ২১৬৯, সহীহুল জামি' ৭০৭০, সহীহ আত্ তারগীব ২৩১৩, আহমাদ ২৩৩০১, আবূ ইয়া'লা ৫০৩৫, শু'আবুল ঈমান ৭৫৫৮ হিলইয়াতুল আওলিয়া ১/২৭৯, আল মুজামুল কাবীর লিত্ব ত্ববারানী ৩৯৭, আল মু'জামুল আওসাত্ব ১৩৭৯, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ২০৬৯৪।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (اَلْمَعْرُوفِ হেলা এমন এক পরিপূর্ণ অর্থ প্রদানকারী ইস্ম বা নাম যার দ্বারা আল্লাহ তা'আলার আনুগত্য এবং নৈকট্য লাভের উপায় মানুষের সাথে সদাচরণসহ শারী'আতের প্রত্যেকটি হালাল-হারাম বিধান যথাযথভাবে উপলব্ধি করা যায়। (তুহফাতুল আহ্ওয়াযী ৬৯ খন্ড, হাঃ ২১৬৯)



(وَلَا يُسْتَجَابِ لَكَمِ) হাদীসের এ অংশের উদ্দেশ্যমূলক অর্থ হচ্ছে, আমাদের পক্ষ থেকে সৎকাজের আদেশ বা মন্দ কাজের নিষেধ উভয়টি একত্রে বাস্তবায়ন করতে হবে। অন্যথায় আল্লাহর পক্ষ হতে 'আযাব নেমে আসবে। তখন ঐ 'আযাব থেকে বাঁচার জন্য দু'আ করা হলে তা তখন আর কবুল করা হবে না।

অন্য আরেকটি হাদীসে এসেছে, قبل أن يدعوا এখানে 'আবদুল বাক্কী' (রহিমাহুল্লাহ) বলেছেনঃ এর অর্থ হলো মানুষকে সৎ কাজের আদেশ আর মন্দ কাজের নিষেধের মাধ্যমে হিদায়াতের দিকে আহবান করা হলে তারা এই আহবান মোটেই সাড়া দেবে না। (তুহফাতুল আহওয়াযী ৬৯ খন্ড, হাঃ ২১৬৯; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

• Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75864

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন